রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, জুন ১১, ২০১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শিক্ষা মন্ত্রণালয়

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

শাখা-১২

প্রজ্ঞাপন

তারিখ: ২২ জ্যৈষ্ঠ ১৪২৪ বঙ্গাব্দ/৫ জুন ২০১৭ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং ১৭৩-আইন/২০১৭।—Registration of Private Schools Ordinance, 1962 (Ordinance No. XX of 1962) এর section 8 এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা:—

১। **সংক্ষিপ্ত শিরোনাম, প্রবর্তন ও প্রয়োগ।**—(১) এই বিধিমালা বিদেশি কারিকুলাম এ পরিচালিত বেসরকারি বিদ্যালয় নিবন্ধন বিধিমালা, ২০১৭ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

(৩) এই বিধিমালা বিদেশি কারিকুলাম অনুসারে পাঠদান করা হয় এইরূপ বেসরকারি বিদ্যালয়ের ক্ষেত্রে প্রযোজ্য হইবে।

২। **সংজ্ঞা।**—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোন কিছু না থাকিলে, এই বিধিমালায়,—

১। **"অধ্যাদেশ"** অর্থ Registration of Private Schools Ordinance, 1962 (Ordinance No. XX of 1962);

২। **"তফসিল"** অর্থ এই বিধিমালার তফসিল;

(৩) **"ধারা"** অর্থ অধ্যাদেশের কোন section;

মূল্য : টাকা ২৪.০০

(৪) **"নিবন্ধন"** অর্থ অধ্যাদেশের ধারা ৪ এর উপ-ধারা (৩) এর অধীন নিবন্ধন;

(৫) **"নিবন্ধন কর্তৃপক্ষ"** অর্থ অধ্যাদেশের ধারা ২ এর clause (h) এ উল্লিখিত "Registering Authority";

(৬) **"ফরম"** অর্থ এই বিধিমালার কোন ফরম;

(৭) **"বেসরকারি বিদ্যালয়"** অর্থ অধ্যাদেশের ধারা ২ এর clause (g) তে উল্লিখিত "private school";

(৮) **"বিদেশি কারিকুলাম"** অর্থ আন্তর্জাতিকভাবে স্বীকৃত ইংরেজি মাধ্যমের পাঠ্যসূচি;

(৯) **"ম্যানেজিং কমিটি"** অর্থ বিধি ৭ এর অধীন কোন বেসরকারি বিদ্যালয়ের ম্যানেজিং কমিটি; এবং

(১০) **"সাময়িক নিবন্ধন"** অর্থ বিধি ৩ এর অধীন প্রদত্ত সাময়িক নিবন্ধন।

৩। **সাময়িক নিবন্ধন।**—(১) বেসরকারি বিদ্যালয় নিবন্ধনের উদ্দেশ্যে, উক্ত বিদ্যালয় স্থাপনকারী বা পরিচালনাকারী ব্যক্তি বা ব্যক্তিবর্গকে উক্ত বিদ্যালয় সাময়িক নিবন্ধনের জন্য নিবন্ধন কর্তৃপক্ষের বরাবরে ফরম 'ক' অনুযায়ী আবেদন করিতে হইবে।

(২) উপ-বিধি (১) এর অধীন আবেদনপত্রের সহিত তফসিল-১ এ বর্ণিত ফি এবং উক্ত বিদ্যালয়ের প্রসপেক্টাস বা নিবন্ধন কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত অন্যান্য কাগজপত্র ও তথ্যাদি জমা প্রদান করিতে হইবে।

(৩) উপ-বিধি (১) এর অধীন আবেদন প্রাপ্তির ৩০ (ত্রিশ) কর্মদিবসের মধ্যে আবেদনপত্র এবং উহার সহিত জমাকৃত কাগজপত্র ও তথ্যাদি পরীক্ষান্তে নিবন্ধন কর্তৃপক্ষ, যদি এই মর্মে সন্তুষ্ট হয় যে, আবেদনাধীন অধ্যাদেশের ধারা ৪ এর উপ-ধারা (২) এবং এই বিধিমালায় উল্লিখিত অন্যান্য শর্তাবলি পালন করিতে সক্ষম, তাহা হইলে উক্ত বেসরকারি বিদ্যালয়কে ফরম 'গ' অনুযায়ী সাময়িক নিবন্ধন সনদ প্রদান করিবে।

(৪) উপ-বিধি (৩) এর অধীন সাময়িক নিবন্ধন প্রদানের ক্ষেত্রে, নিবন্ধন কর্তৃপক্ষ অধ্যাদেশ ও এই বিধিমালার সহিত সঙ্গতিপূর্ণ যে কোন শর্ত আরোপ করিতে পারিবে।

(৫) এই বিধির অধীন প্রাপ্ত সাময়িক নিবন্ধনের মেয়াদ হইবে উক্ত সনদ প্রদানের তারিখ হইতে ২ (দুই) বৎসর।

৪। **নিবন্ধন।**—(১) প্রত্যেক বেসরকারি বিদ্যালয়ের সাময়িক নিবন্ধনের মেয়াদ অতিক্রান্ত হইবার অন্যূন ৬০ (ষাট) দিন পূর্বে উক্ত বিদ্যালয় স্থাপনকারী বা পরিচালনাকারী ব্যক্তি বা ব্যক্তিবর্গকে উক্ত বিদ্যালয় নিবন্ধনের জন্য তফসিল-২ এ বর্ণিত নিবন্ধন ফিসহ নিবন্ধন কর্তৃপক্ষের নিকট ফরম-'খ' অনুযায়ী আবেদন করিতে হইবে।

(২) উপ-বিধি (১) এর অধীন আবেদন প্রাপ্তির পর অধ্যাদেশের ধারা ৪ এর উপ-ধারা (৩) এর অধীন নির্ধারিত ৯০ (নব্বই) কর্মদিবসের মধ্যে নিবন্ধন কর্তৃপক্ষ, যদি এই মর্মে সন্তুষ্ট হয় যে,

অধ্যাদেশের ধারা ৪ এর উপ-ধারা (২) এ উল্লিখিত শর্তাবলি এবং সাময়িক নিবন্ধনের সময় উক্ত কর্তৃপক্ষ কর্তৃক আরোপিত শর্তাবলি, যদি থাকে, প্রতিপালিত হইয়াছে, তাহা হইলে উক্ত বিদ্যালয়কে ফরম-'ঘ' অনুযায়ী নিবন্ধন সনদ প্রদান করিবে।

(৩) উপ-বিধি (২) এর অধীন নিবন্ধন সনদ প্রদান না করিবার সিদ্ধান্ত গ্রহণ করা হইলে, নিবন্ধন কর্তৃপক্ষ, উক্ত সিদ্ধান্ত গ্রহণের অনধিক ৭ (সাত) কর্মদিবসের মধ্যে লিখিতভাবে আবেদনকারীকে তৎসর্ম্পকে অবহিত করিবে।

(৪) এই বিধির অধীন প্রাপ্ত নিবন্ধনের মেয়াদ হইবে উক্ত সনদ প্রদানের তারিখ হইতে ৩ (তিন) বৎসর।

(৫) উপ-বিধি (২) এর অধীন প্রদত্ত প্রত্যেকটি নিবন্ধন সনদে, অন্যান্য বিষয়ের মধ্যে, উহার মেয়াদান্তে নবায়নের প্রয়োজনীয়তা এবং প্রযোজ্য অন্যান্য শর্তাবলি উল্লিখিত করিতে হইবে।

(৬) নিবন্ধন কর্তৃপক্ষ নিবন্ধন সনদের অনুলিপি সংরক্ষণ করিবে এবং উহা রেজিস্টার, বা ক্ষেত্রমত, ই-রেজিস্টারে লিপিবদ্ধ করিয়া রাখিবে।

৫। **সাময়িক নিবন্ধন ফি, নিবন্ধন ফি, ইত্যাদি।**—(১) কোন বেসরকারি বিদ্যালয়ের স্তরভিত্তিক সাময়িক নিবন্ধন ফি তফসিল-১ এবং নিবন্ধন ফি তফসিল-২ অনুযায়ী নির্ধারিত হইবে।

(২) উপ-বিধি (১) এর অধীন প্রদত্ত ফি অফেরৎযোগ্য হইবে এবং উক্ত ফি ও এই বিধিমালার অধীন প্রদেয় অন্যান্য ফি নিবন্ধন কর্তৃপক্ষ কর্তৃক নির্দেশিত পদ্ধতিতে সরকারি কোষাগারে জমা প্রদান করিতে হইবে।

(৩) এই বিধিমালা কার্যকর হইবার পূর্বে অন্য কোন বিধিমালার অধীন কোন বেসরকারি বিদ্যালয় নিবন্ধনের জন্য কোন নিবন্ধন ফি পরিশোধ করিয়া থাকিলে, এই বিধিমালার অধীন পুনরায় ফি পরিশোধ করিতে হইবে না।

৬। **নিবন্ধন নবায়ন ও শর্তাবলি সংশোধন, ইত্যাদি।**—(১) প্রত্যেক বেসরকারি বিদ্যালয়ের নিবন্ধন, তফসিল-২ এ উল্লিখিত নিবন্ধন নবায়ন ফি জমা প্রদান ও নিবন্ধনের অন্যান্য শর্তাবলি প্রতিপালন সাপেক্ষে, প্রতি ৩ (তিন) বৎসর মেয়াদে নবায়নযোগ্য হইবে।

(২) অধ্যাদেশ ও এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে, নিবন্ধন কর্তৃপক্ষ তদধীনে প্রদত্ত নিবন্ধন সনদে উল্লিখিত যে কোন শর্ত, অধ্যাদেশ ও এই বিধিমালার বিধান অনুসারে সংশোধন করিতে পারিবে, তবে নিবন্ধিত বেসরকারি বিদ্যালয়কে অন্যূন ৩০ (ত্রিশ) কর্মদিবসের নোটিশ প্রদান না করিয়া কোন শর্ত সংশোধন করা যাইবে না।

(৩) নিবন্ধন কর্তৃপক্ষ নিবন্ধন সনদ নবায়নের আবেদন প্রাপ্তির অনধিক ৩০ (ত্রিশ) কর্মদিবসের মধ্যে উহা নিষ্পন্ন করিবে এবং উক্ত সময়ের মধ্যে নবায়ন আবেদন নিষ্পন্ন না করা হইলে, উক্ত বিদ্যালয় পরবর্তী ৩ (তিন) বৎসর মেয়াদে এই বিধিমালার অধীন নবায়ন করা হইয়াছে বলিয়া গণ্য হইবে।

(৪) বেসরকারি বিদ্যালয়ের বাৎসরিক কার্যক্রম তদারকি, পরিবীক্ষণ ও মূল্যায়নের লক্ষ্যে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের অধীন সংশ্লিষ্ট আঞ্চলিক উপ-পরিচালকের কার্যালয় উহার আওতাধীন জেলা শিক্ষা অফিস বা প্রযোজ্য ক্ষেত্রে, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের মাধ্যমে প্রতিটি বেসরকারি বিদ্যালয় প্রত্যেক ডিসেম্বর মাসে পরিবীক্ষণ করিবে এবং বাংলাদেশ ব্যুরো অব এডুকেশনাল ইনফরমেশন এন্ড স্টাটিসটিকস্ (ব্যানবেইস) কর্তৃক নির্ধারিত প্রতিবেদন ফরমে মূল্যায়ন প্রতিবেদন প্রস্তুত করিবেন এবং উহার একটি অনুলিপি সংশ্লিষ্ট বেসরকারি বিদ্যালয় ও নিবন্ধন কর্তৃপক্ষের নিকট প্রেরণ করিবে।

(৫) প্রতিটি বেসরকারি বিদ্যালয় বাৎসরিক নিবন্ধন প্রত্যয়ন ও মূল্যায়ন প্রতিবেদন প্রদর্শন সাপেক্ষে, ক্ষেত্রমত, জেলা শিক্ষা অফিস বা উপজেলা শিক্ষা অফিস বা উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস হইতে বাংলাদেশের ইতিহাস ও সংস্কৃতি সম্পর্কিত বিনামূল্যের বাধ্যতামূলক বই, যদি থাকে, সংগ্রহ করিবে এবং প্রযোজ্যতা অনুযায়ী শিক্ষার্থীদের মধ্যে বিতরণ নিশ্চিত করিবে।

৭। **ম্যানেজিং কমিটি**।—(১) বেসরকারি বিদ্যালয় পরিচালনার ক্ষেত্রে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণের লক্ষ্যে প্রত্যেক বেসরকারি বিদ্যালয়ের নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে একটি ম্যানেজিং কমিটি থাকিবে, যথা:—

(ক) সংশ্লিষ্ট বিদ্যালয়ের শিক্ষকগণের মধ্য হইতে নির্বাচিত ২ (দুই) জন প্রতিনিধি যাহাদের মধ্যে অন্যূন একজন মহিলা হইবেন;

(খ) সংশ্লিষ্ট বিদ্যালয়ে অধ্যয়নরত ছাত্র-ছাত্রীদের অভিভাবকগণের মধ্য হইতে নির্বাচিত ২ (দুই) জন প্রতিনিধি যাহাদের মধ্যে অন্যূন একজন মহিলা হইবেন;

(গ) উদ্যোক্তা বা প্রতিষ্ঠাতাগণের মধ্য হইতে নির্বাচিত বা মনোনীত ৬ (ছয়) জন প্রতিনিধি; এবং

(ঘ) সংশ্লিষ্ট বেসরকারি বিদ্যালয়ের প্রধান শিক্ষক বা অধ্যক্ষ, পদাধিকারবলে, যিনি উহার সদস্য-সচিবও হইবেন।

(২) কোন বেসরকারি বিদ্যালয়ের উদ্যোক্তা বা প্রতিষ্ঠাতার সংখ্যা ৬ (ছয়) জনের কম হইলে, তাহারা স্বয়ংক্রিয়ভাবে উপ-বিধি (১) এর দফা (গ) এর অধীন উদ্যোক্তা বা প্রতিষ্ঠাতা প্রতিনিধি হইবেন।

(৩) ম্যানেজিং কমিটির মেয়াদ হইবে উহার প্রথম সভার তারিখ হইতে পরবর্তী ২ (দুই) বৎসর:

তবে শর্ত থাকে যে, উক্ত মেয়াদ শেষ হওয়া সত্ত্বেও, নতুন কমিটি গঠিত না হওয়া পর্যন্ত ম্যানেজিং কমিটি কার্যভার চালাইয়া যাইতে পারিবে।

(৪) উপ-বিধি (১) এর অধীন প্রতিনিধি নির্বাচন পদ্ধতি নিবন্ধন কর্তৃপক্ষ কর্তৃক সাধারণ বা বিশেষ আদেশ দ্বারা নির্ধারিত হইবে।

(৫) ম্যানেজিং কমিটি গঠিত হইবার পর উহার প্রথম সভায় কমিটির অন্যূন দুই-তৃতীয়াংশ সদস্যের উপস্থিতিতে অভিভাবক, প্রতিষ্ঠাতা বা উদ্যোক্তা সদস্যগণের মধ্য হইতে একজনকে সভাপতি ও একজনকে সহ-সভাপতি নির্বাচিত করিতে হইবে।

(৬) উপ-বিধি (১) এর অধীন নির্বাচিত সদস্যগণ সভাপতির উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে স্বীয় পদ ত্যাগ করিতে পারিবে।

(৭) উপ-বিধি (৬) এর অধীন কোন পদ শূন্য হইলে, পদটি শূন্য হইবার অনধিক ৩০ (ত্রিশ) কর্মদিবসের মধ্যে এই বিধির বিধানাবলী অনুসরণক্রমে উক্ত শূন্য পদ পূরণ করিতে হইবে এবং যিনি উক্ত পদে নির্বাচিত বা মনোনীত হইবেন তিনি ম্যানেজিং কমিটির অবশিষ্ট মেয়াদের জন্য স্বীয় পদে বহাল থাকিবেন।

৮। **ম্যানেজিং কমিটির সভা**।—(১) এই বিধিমালার অন্যান্য বিধান সাপেক্ষে, ম্যানেজিং কমিটি উহার সভার কার্যপদ্ধতি নির্ধারণ করিতে পারিবে।

(২) ম্যানেজিং কমিটির সভা উহার সভাপতি কর্তৃক নির্ধারিত স্থান ও সময়ে অনুষ্ঠিত হইবে:

তবে শর্ত থাকে যে, প্রতি ২ (দুই) মাসে উক্ত কমিটির অন্তত একটি সভা অনুষ্ঠিত হইবে।

(৩) ম্যানেজিং কমিটির সভাপতি উহার সকল সভায় সভাপতিত্ব করিবেন এবং তাহার অনুপস্থিতিতে সহ-সভাপতি সভায় সভাপতিত্ব করিবেন।

(৪) ম্যানেজিং কমিটির সভায় কোরামের জন্য উহার মোট সদস্য সংখ্যার এক-তৃতীয়াংশ সদস্যের উপস্থিতির প্রয়োজন হইবে।

(৫) ম্যানেজিং কমিটির প্রত্যেক সদস্যের একটি করিয়া ভোট থাকিবে এবং ভোটের সমতার ক্ষেত্রে সভায় সভাপতিত্বকারী সদস্যের দ্বিতীয় বা নির্ণায়ক ভোট প্রদানের ক্ষমতা থাকিবে।

৯। **ম্যানেজিং কমিটির দায়িত্ব ও কার্যাবলি**।—ম্যানেজিং কমিটির দায়িত্ব ও কার্যাবলি হইবে নিম্নরূপ, যথা:—

(ক) বেসরকারি বিদ্যালয়ের জন্য সরকারি নীতিমালা অনুসরণ করিয়া শিক্ষক ও কর্মচারী নিয়োগ প্রদান;

(খ) শিক্ষক ও কর্মচারীদের বেতন-ভাতাদি নির্ধারণ;

(গ) শিক্ষক ও কর্মচারীদের শৃঙ্খলামূলক ব্যবস্থা গ্রহণ;

(ঘ) এই বিধির বিধানাবলী সাপেক্ষে, ছাত্র-ছাত্রীদের টিউশন ফি, ভর্তি ফি, সেশন চার্জ ও অন্যান্য ফি নির্ধারণ;

(ঙ) বেসরকারি বিদ্যালয়ের আয়-ব্যয়ের হিসাব নিরীক্ষার ব্যবস্থা গ্রহণ; এবং

(চ) বেসরকারি বিদ্যালয়ের অবকাঠামো, শিক্ষার মান ও শিক্ষার পরিবেশ উন্নয়নের স্বার্থে প্রয়োজনীয় অন্যান্য কার্য সম্পাদন।

১০। **তহবিল**।—(১) প্রত্যেক বেসরকারি বিদ্যালয়ের নিম্নরূপ তহবিল থাকিবে, যথা:—

(ক) সংরক্ষিত তহবিল, যাহা 'বেসরকারি বিদ্যালয় সংরক্ষিত তহবিল' নামে অভিহিত হইবে; এবং

(খ) সাধারণ তহবিল, যাহা 'বেসরকারি বিদ্যালয় সাধারণ তহবিল' নামে অভিহিত হইবে।

(২) উপ-বিধি (৩) এর বিধান সাপেক্ষে, সংরক্ষিত তহবিলে নিম্নবর্ণিত অর্থ সঞ্চয়পত্র আকারে অথবা কোন তফসিলি ব্যাংকে স্থায়ী আমানত হিসেবে জমা রাখিতে হইবে, যথা:—

ক্রমিক নং	বিদ্যালয়ের প্রকৃতি ও এলাকা	তহবিলের পরিমাণ (টাকায়)
১।	প্লে-গ্রুপ, নার্সারী, কিন্ডারগার্টেন বা প্রাথমিক বিদ্যালয় [মেট্রোপলিটন এলাকার জন্য]	৩,০০,০০০ (তিন লক্ষ)
২।	প্লে-গ্রুপ, নার্সারী, কিন্ডারগার্টেন বা প্রাথমিক বিদ্যালয় [জেলা সদর এলাকার জন্য]	২,৫০,০০০ (দুই লক্ষ পঞ্চাশ হাজার)
৩।	প্লে-গ্রুপ, নার্সারী, কিন্ডারগার্টেন বা প্রাথমিক বিদ্যালয় [জেলা সদরের বাহিরের এলাকার জন্য]	২,০০,০০০ (দুই লক্ষ)
৪।	নিম্ন-মাধ্যমিক বা মাধ্যমিক বা সমমানের বিদ্যালয় [মেট্রোপলিটন এলাকার জন্য]	৪,০০,০০০ (চার লক্ষ)
৫।	নিম্ন-মাধ্যমিক বা মাধ্যমিক বা সমমানের বিদ্যালয় [জেলা সদর এলাকার জন্য]	৩,০০,০০০ (তিন লক্ষ)
৬।	নিম্ন-মাধ্যমিক বা মাধ্যমিক বা সমমানের বিদ্যালয় [জেলা সদরের বাহিরের এলাকার জন্য]	২,০০,০০০ (দুই লক্ষ)
৭।	উচ্চ মাধ্যমিক বা সমমানের বিদ্যালয় [মেট্রোপলিটন এলাকার জন্য]	৫,০০,০০০ (পাঁচ লক্ষ)
৮।	উচ্চ মাধ্যমিক বা সমমানের বিদ্যালয় [জেলা সদর এলাকার জন্য]	৪,০০,০০০ (চার লক্ষ)
৯।	উচ্চ মাধ্যমিক বা সমমানের বিদ্যালয় [জেলা সদরের বাহিরের এলাকার জন্য]	৩,০০,০০০ (তিন লক্ষ)

ব্যাখ্যা।—'তফসিলি ব্যাংক' বলিতে Bangladesh Bank Order, 1972 (President's Order No. 127 of 1972) এর Article 2(j) তে সংজ্ঞায়িত 'Scheduled Bank'।

(৩) নিবন্ধন কর্তৃপক্ষের পূর্ব অনুমোদন ব্যতীত উপ-বিধি (২) এ উল্লিখিত সংরক্ষিত তহবিলের অর্থ উত্তোলন করা বা ভাঙ্গানো যাইবে না।

(৪) উপ-বিধি (১) এর দফা (খ) এ উল্লিখিত সাধারাণ তহবিলে নিম্নবর্ণিত উৎস হইতে প্রাপ্ত অর্থ জমা ইহবে, যথা:—

(ক) ছাত্র-ছাত্রীদের নিকট হইতে আদায়কৃত অর্থ;

(খ) কোন স্থানীয় কর্তৃপক্ষ, বেসরকারি প্রতিষ্ঠান বা ব্যক্তি কর্তৃক প্রদত্ত অনুদান;

(গ) সরকার বা অন্য কোন সংস্থা হইতে প্রাপ্ত অনুদান;

(ঘ) শিক্ষা কার্যক্রম বহির্ভূত অন্য কোন উদ্যোগ বা কর্মকান্ড হইতে প্রাপ্ত বিধিসম্মত আয়; এবং

(ঙ) অন্য কোন বৈধ উৎস হইতে প্রাপ্ত আয়।

(৫) সাধারণ তহবিলের স্থিতি হইবে নিম্নরূপ, যথাঃ—

ক্রমিক নং	বিদ্যালয়ের প্রকৃতি ও এলাকা	তহবিলের পরিমাণ (টাকায়)
১।	প্লে-গ্রুপ, নার্সারী, কিন্ডারগার্টেন বা প্রাথমিক বিদ্যালয় [মেট্রোপলিটন এলাকার জন্য]	১,০০,০০০ (এক লক্ষ)
২।	প্লে-গ্রুপ, নার্সারী, কিন্ডারগার্টেন বা প্রাথমিক বিদ্যালয় [জেলা সদর এলাকার জন্য]	৭৫,০০০ (পঁচাত্তর হাজার)
৩।	প্লে-গ্রুপ, নার্সারী, কিন্ডারগার্টেন বা প্রাথমিক বিদ্যালয় [জেলা সদরের বাহিরের এলাকার জন্য]	৫০,০০০ (পঞ্চাশ হাজার)
৪।	নিম্ন-মাধ্যমিক বা মাধ্যমিক বা সমমানের বিদ্যালয় [মেট্রোপলিটন এলাকার জন্য]	১,৫০,০০০ (এক লক্ষ পঞ্চাশ হাজার)
৫।	নিম্ন-মাধ্যমিক বা মাধ্যমিক বা সমমানের বিদ্যালয় [জেলা সদর এলাকার জন্য]	১,০০,০০০ (এক লক্ষ)
৬।	নিম্ন-মাধ্যমিক বা মাধ্যমিক বা সমমানের বিদ্যালয় [জেলা সদরের বাহিরের এলাকার জন্য]	৭৫,০০০ (পঁচাত্তর হাজার)
৭।	উচ্চ মাধ্যমিক বা সমমানের বিদ্যালয় [মেট্রোপলিটন এলাকার জন্য]	২,০০,০০০ (দুই লক্ষ)
৮।	উচ্চ মাধ্যমিক বা সমমানের বিদ্যালয় [জেলা সদর এলাকার জন্য]	১,৫০,০০০ (এক লক্ষ পঞ্চাশ হাজার)
৯।	উচ্চ মাধ্যমিক বা সমমানের বিদ্যালয় [জেলা সদরের বাহিরের এলাকার জন্য]	১,০০,০০০ (এক লক্ষ)

(৬) বেসরকারি বিদ্যালয়ের সাধারণ তহবিলসহ অন্যান্য আর্থিক লেনদেন ম্যানেজিং কমিটির সভাপতি বা তদকর্তৃক মনোনীত কোন সদস্য এবং সদস্য-সচিব এর যৌথ স্বাক্ষরে পরিচালিত হইবে।

(৭) সাধারণ তহবিল হইতে প্রত্যেক বেসরকারি বিদ্যালয় পরিচালনার জন্য শিক্ষক ও কর্মচারীদের বেতন ভাতাদি ও অন্যান্য প্রয়োজনীয় ব্যয় নির্বাহ করা যাইবে।

(৮) ম্যানেজিং কমিটি কর্তৃক অনুমোদিত পদ্ধতিতে সাধারণ তহবিল হইতে অর্থ উত্তোলন করা যাইবে।

১১। ছাত্র ও শিক্ষক অনুপাত।—প্রত্যেক বেসরকারি বিদ্যালয় ছাত্র ও শিক্ষক অনুপাতের হার হইবে নিম্নরূপ, যথাঃ—

(ক) প্লে-গ্রুপ, নার্সারী, কিন্ডারগার্টেন ও প্রাথমিক বিদ্যালয়ের ক্ষেত্রে, ১৫ (পনের) ঃ ১ (এক);

(খ) মাধ্যমিক বা সমমানের বিদ্যালয়ের ক্ষেত্রে, ২৫ (পঁচিশ) ঃ ১ (এক); এবং

(গ) উচ্চ মাধ্যমিক বা সমমানের বিদ্যালয়ের ক্ষেত্রে, ৩০ (ত্রিশ) ঃ ১ (এক)।

১২। শিক্ষক, কর্মচারী নিয়োগ, ইত্যাদি।—(১) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ের বেসরকারি বিদ্যালয়ের প্রধান শিক্ষক বা, ক্ষেত্রমত, অধ্যক্ষসহ অন্যান্য শিক্ষকগণের উক্ত বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের পাঠদানের জন্য নিবন্ধন কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত শিক্ষাগত যোগ্যতা, প্রশিক্ষণ ও অভিজ্ঞতা থাকিতে হইবে।

(২) বেসরকারি বিদ্যালয়ের শিক্ষক ও কর্মচারী নিয়োগের ক্ষেত্রে, শিক্ষাগত যোগ্যতা, প্রশিক্ষণ, অভিজ্ঞতাসহ অন্যান্য বিষয়াদি সম্পর্কে সরকার কর্তৃক নির্ধারিত পদ্ধতি অনুসরণ করিতে হইবে।

(৩) বেসরকারি বিদ্যালয় মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ের হইলে, উক্ত বিদ্যালয়ের শিক্ষক ও কর্মচারী নিয়োগের পূর্বে বহুল প্রচারিত অন্যূন ২ (দুই) টি জাতীয় দৈনিক পত্রিকায় শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতাসহ অন্যান্য বিষয়াদি উল্লেখ করিয়া বিজ্ঞপ্তি প্রচার করিতে হইবে।

(৪) উপ-বিধি (৩) এর অধীন শিক্ষক ও কর্মচারী নিয়োগের জন্য ম্যানেজিং কমিটি নিয়োগ বোর্ড গঠন করিবে এবং উক্ত বোর্ড কর্তৃক নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করিতে হইবে।

(৫) প্রত্যেক বেসরকারি বিদ্যালয় উহার শিক্ষক ও কর্মচারী নিয়োগের বিষয়ে শিক্ষাবর্ষ সমাপ্তির অনধিক ৩০ (ত্রিশ) দিনের মধ্যে নিবন্ধন কর্তৃপক্ষের নিকট একটি বাৎসরিক প্রতিবেদন পেশ করিবে।

(৬) প্রত্যেক বেসরকারি বিদ্যালয়ের শিক্ষক বা কর্মচারীগণের বিরুদ্ধে চাকরির শর্তাবলি অনুসরণ করিয়া বিভাগীয় ব্যবস্থা গ্রহণ ও দণ্ড অনুমোদন করা যাইবে:

তবে শর্ত থাকে যে, কোন শিক্ষক বা কর্মচারীকে চাকরি হইতে অপসারণ বা বরখাস্তের বিষয়ে সংশ্লিষ্ট শিক্ষা বোর্ডের পূর্বানুমোদন গ্রহণ করিতে হইবে।

১৩। কোটা সংরক্ষণ।—প্রত্যেক বেসরকারি বিদ্যালয়ে শিক্ষার্থী ভর্তির ক্ষেত্রে মুক্তিযোদ্ধার সন্তান ও নাতী নাতনীর ক্ষেত্রে ৫% (পাঁচ শতাংশ) এবং প্রতিবন্ধীর ক্ষেত্রে ২% (দুই শতাংশ) কোটা সংরক্ষণ করিতে হইবে।

১৪। বেসরকারি বিদ্যালয়ের ভূমি ও ভবন।—(১) প্রত্যেক বেসরকারি বিদ্যালয়ের নিজস্ব মালিকানায় অথবা ভাড়ায় তফসিল-৩ এ উল্লিখিত পরিমাণ ভূমি ও ভবন থাকিতে হইবে।

(২) প্রত্যেক বেসরকারি বিদ্যালয়ে ছাত্র-ছাত্রীদের পর্যাপ্ত সংখ্যক শ্রেণী কক্ষ, অধ্যক্ষ বা প্রধান শিক্ষকের কক্ষ, শিক্ষক-শিক্ষিকাগণের কক্ষ, কর্মচারীগণের কক্ষ, প্রয়োজনীয় সংখ্যক ল্যাবরেটরী বা বিজ্ঞানাগার এবং পৃথক অফিস কক্ষ থাকিতে হইবে।

(৩) মেট্রোপলিটন এলাকায় কোন বেসরকারি বিদ্যালয়ের নিজস্ব ভূমি ও ভবন না থাকিলে, এই বিধির উদ্দেশ্য পূরণকল্পে, প্রয়োজনীয় ভূমি ও ভবন দীর্ঘ মেয়াদি ভাড়া চুক্তির অধীন নেওয়া যাইবে এবং ভাড়া নেওয়ার প্রমাণ হিসাবে উক্ত বিদ্যালয়ের নামে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের জন্য ভাড়ার লিখিত চুক্তি থাকিতে হইবে।

(৪) এই বিধিমালার অধীন নিবন্ধন সনদ প্রাপ্তির অনধিক ৫ (পাঁচ) বৎসরের মধ্যে নিবন্ধনপ্রাপ্ত বেসরকারি বিদ্যালয়কে উহার নিজস্ব মালিকানাধীন ভূমি ও ভবনে বিদ্যালয় স্থানান্তর করিতে হইবে।

(৫) এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে কোন বেসরকারি বিদ্যালয়ের সাময়িক নিবন্ধন বা নিবন্ধন বা দীর্ঘ মেয়াদি ভাড়া চুক্তির অধীনে বিদ্যালয় পরিচালনা বা নিজস্ব ভূমিতে বিদ্যালয় পরিচালনা করিতে হইলে উক্ত বিদ্যালয় যে স্থানীয় সরকার কর্তৃপক্ষের আওতাধীন এলাকায় অবস্থিত হইবে সেই স্থানীয় সরকার কর্তৃপক্ষ হইতে অনাপত্তি গ্রহণ করিতে হইবে।

১৫। শিক্ষাক্রম, পাঠ্যপুস্তক, ইত্যাদি।—(১) প্রত্যেক বেসরকারি বিদ্যালয় জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড কর্তৃক অনুমোদিত অথবা আন্তর্জাতিকভাবে স্বীকৃত শিক্ষাক্রম অনুসরণ করিবে।

(২) বেসরকারি বিদ্যালয়ে ছাত্র-ছাত্রীদের পাঠদানের উদ্দেশ্যে এমন কোন পাঠ্যপুস্তক নির্ধারণ করিবে না, যাহা—

(ক) জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড কর্তৃক অনুমোদিত বা আন্তর্জাতিকভাবে স্বীকৃত নহে;

(খ) বাংলাদেশের ইতিহাস ও সংস্কৃতির সহিত সামঞ্জস্যপূর্ণ নহে; এবং

(গ) স্বাধীনতা ও সার্বভৌমত্বের বিরোধী।

(৩) সহশিক্ষাক্রম হিসাবে প্রত্যেক বেসরকারি বিদ্যালয় শিশু বান্ধব পরিবেশ, ইনডোর ও আউটডোর খেলাধুলার জন্য প্রয়োজনীয় স্থান, কক্ষ বা মাঠের ব্যবস্থা করাসহ শরীর চর্চা, বাংলাদেশের ইতিহাস ও সংস্কৃতির সহিত সামঞ্জস্যপূর্ণ সাংস্কৃতিক কর্মকান্ড উদযাপন ও পরিচালনা, নৈতিক ও পারিবারিক মূল্যবোধ বিষয়ক বিশেষ শিক্ষা, বই মেলা, বৃক্ষরোপণ এবং পরিষ্কার-পরিচ্ছন্নতা সংক্রান্ত কার্যক্রম গ্রহণ করিবে।

(৪) প্রত্যেক বেসরকারি বিদ্যালয় জাতিসংঘ শিশু অধিকার সনদ, ১৯৮৯ এর আলোকে শিশুদের অধিকার নিশ্চিত করিবার লক্ষ্যে যথাযথ পদক্ষেপ গ্রহণ করিবে।

(৫) প্রত্যেক বেসরকারি বিদ্যালয় প্রতিবন্ধী বান্ধব হইতে হইবে।

১৬। গ্রন্থাগার।—প্রত্যেক বেসরকারি বিদ্যালয়ে একটি গ্রন্থাগার থাকিবে এবং উহাতে ছাত্র-ছাত্রীদের জন্য তফসিল-৪ এ উল্লিখিত শিক্ষা সংশ্লিষ্ট ন্যূনতম সংখ্যক পুস্তক থাকিতে হইবে।

১৭। নিরাপত্তামূলক ব্যবস্থা।—প্রত্যেক বেসরকারি বিদ্যালয়ে প্রবেশ ও বহির্গমন, খেলাধুলার স্থান, শ্রেণিকক্ষ, ভবন উপরিস্থ স্থান বা ছাদ, সীমানা প্রাচীর, টয়লেট ও যানবাহনসহ আবশ্যকীয় অন্যান্য সকল ক্ষেত্রে নিজস্ব ব্যবস্থায় পর্যাপ্ত নিরাপত্তামূলক প্রহরী নিয়োগ ও সরঞ্জামাদি স্থাপন এবং তদারকি করিতে হইবে।

১৮। **বিশুদ্ধ পানি ও টয়লেট।**—প্রত্যেক বেসরকারি বিদ্যালয় ভবনে বিশুদ্ধ পানির ব্যবস্থা এবং ছাত্র-ছাত্রীদের সংখ্যানুপাতে প্রয়োজনীয় নিরাপত্তাসহ পর্যাপ্ত সংখ্যক পৃথক পৃথক স্বাস্থ্যসম্মত টয়লেট থাকিতে হইবে।

১৯। **টিউশন ফি, ভর্তি ফি, সেশন চার্জ ও অন্যান্য ফি, ইত্যাদি।**—(১) শিক্ষার গুণগতমান এবং অবকাঠামোগত সুযোগ সুবিধা বিবেচনা করিয়া ম্যানেজিং কমিটি ছাত্র-ছাত্রীদের জন্য টিউশন ফি, ভর্তি ফি, সেশন চার্জ ও অন্যান্য ফি নির্ধারণ করিতে পারিবে:

তবে শর্ত থাকে যে, কোন অবস্থাতেই উক্তরূপ ফি বা চার্জ, যে নামেই অভিহিত হউক না কেন, বৎসরে ১০% (দশ শতাংশ) এর বেশী বৃদ্ধি করা যাইবে না।

(২) বেসরকারি বিদ্যালয়ের ভর্তির বিপরীতে, ভর্তি নবায়ন বা পুনঃভর্তির নামে ছাত্র-ছাত্রীদের নিকট হইতে অনুদান বাবদ, যে নামেই অভিহিত হউক না কেন, কোন অর্থ আদায় করা যাইবে না।

(৩) বেসরকারি বিদ্যালয়ে সহপাঠ কার্যক্রম পরিচালনা, কোন বিশেষ সুবিধা এবং উন্নতমানের যন্ত্রপাতি বা প্রযুক্তি সুবিধা ব্যবহারের জন্য ছাত্র-ছাত্রীদের নিকট হইতে ফি আদায় করা যাইবে, তবে অনুরূপ ক্ষেত্রে ম্যানেজিং কমিটি কর্তৃক অনুমোদিত উহার পূর্ণাঙ্গ ব্যয় বিবরণী অভিভাবকদেরকে লিখিতভাবে অবহিত করিতে হইবে।

ব্যাখ্যা: এই বিধির উদ্দেশ্য পূরণকল্পে "সহপাঠ" বলিতে বেসরকারি বিদ্যালয়ের শিক্ষাক্রম পরিচালনার উদ্দেশ্য পূরণকল্পে, পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত বিষয়সমূহকে সহায়তা প্রদানের জন্য ব্যবহৃত সহায়ক পাঠ্য বইকে বুঝাইবে।

২০। **হিসাবরক্ষণ ও নিরীক্ষা।**—(১) নিবন্ধন কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত পদ্ধতিতে প্রত্যেক বেসরকারি বিদ্যালয় যথাযথভাবে উহার হিসাবরক্ষণ এবং হিসাব বিবরণী প্রস্তুত করিবে।

(২) উপ-ধারা (১) এ উল্লিখিত পদ্ধতির অবর্তমানে প্রত্যেক বিদ্যালয়ের ম্যানেজিং কমিটি উহার হিসাবরক্ষণ পদ্ধতি নির্ধারণ করিতে পারিবে।

(৩) প্রত্যেক বেসরকারি বিদ্যালয়ে আর্থিক শৃঙ্খলা, স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণের লক্ষ্যে সংশ্লিষ্ট বিদ্যালয়ের ম্যানেজিং কমিটি প্রত্যেক অর্থ বৎসর শেষে উক্ত বিদ্যালয়ের আয়-ব্যয় সম্পর্কে Bangladesh Chartered Accountants Order, 1973 (President's Order No. 2 of 1973) এর Article 2(1)(b) এ সংজ্ঞায়িত 'chartered accountant' দ্বারা বিদ্যালয়ের হিসাব নিরীক্ষা সম্পাদন করাইবে এবং উহার একটি রিপোর্ট নিবন্ধন কর্তৃপক্ষের নিকট দাখিল করিবে।

২১। **পরিদর্শন।**—(১) শিক্ষা মন্ত্রণালয়ের অধীনস্থ পরিদর্শন ও নিরীক্ষা পরিদপ্তর বা তৎকর্তৃক এতদুদ্দেশ্যে মনোনীত কোন কর্মকর্তা এই বিধিমালার অধীন নিবন্ধিত সকল বেসরকারি বিদ্যালয়ের শিক্ষার গুণগতমান, শিক্ষার পরিবেশ, ছাত্র-শিক্ষক সম্পর্ক, অভ্যন্তরীণ নিরাপত্তা, অবকাঠামোগত সুবিধা, সহশিক্ষাক্রম ব্যবস্থাসহ শিক্ষা সম্পর্কিত অন্যান্য বিষয় ও সুবিধাদি পরিদর্শন করিতে পারিবে এবং পরিদর্শন প্রতিবেদন অনুযায়ী নিবন্ধন কর্তৃপক্ষ সংশ্লিষ্ট বেসরকারি বিদ্যালয় সম্পর্কে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিতে পারিবে।

(২) উপ-বিধি (১) এর অধীন পরিদর্শনের ধারাবাহিকতায় নিবন্ধন কর্তৃপক্ষ কোন বেসরকারি বিদ্যালয়কে কোন ব্যবস্থা গ্রহণের নির্দেশ প্রদান করিলে সংশ্লিষ্ট বিদ্যালয় উক্ত নির্দেশ পালন করিতে বাধ্য থাকিবে এবং উক্ত নির্দেশ বাস্তবায়নের পর এতদ্বিষয়ে একটি প্রতিবেদন নিবন্ধন কর্তৃপক্ষ বরাবরে প্রেরণ করিবে।

২২। **বিশেষ বিধান**।—(১) এই বিধিমালা কার্যকর হইবার সঙ্গে সঙ্গে অন্য কোন আইন বা বিধিমালার অধীন—

(ক) সাময়িক নিবন্ধনপ্রাপ্ত প্রত্যেক বেসরকারি বিদ্যালয় এই বিধিমালার অধীন সাময়িক নিবন্ধনপ্রাপ্ত বলিয়া গণ্য হইবে; এবং

(খ) নিবন্ধনপ্রাপ্ত প্রত্যেক বেসরকারি বিদ্যালয় এই বিধিমালার অধীন নিবন্ধনপ্রাপ্ত বলিয়া গণ্য হইবে।

(২) উপ-বিধি (১) অনুযায়ী নিবন্ধনপ্রাপ্ত প্রত্যেক বেসরকারি বিদ্যালয়ের নিবন্ধন নবায়নের ক্ষেত্রে বিধি ৬ এর বিধানাবলি প্রযোজ্য হইবে।

(৩) আপততঃ বলবৎ অন্য কোন বিধিমালায় যাহা কিছুই থাকুক না কেন, কোন বেসরকারি বিদ্যালয় ইতোপূর্বে নিবন্ধিত হইয়া থাকিলেও এই বিধিমালা কার্যকর হইবার তারিখ হইতে উহার মেয়াদ হইবে ৩ (তিন) বৎসর এবং উক্ত মেয়াদ অতিক্রান্ত হইবার অন্যূন ৬০ (ষাট) দিন পূর্বে উক্ত বিদ্যালয় স্থাপনকারী বা পরিচালনাকারীকে এই বিধিমালার অধীন নির্ধারিত শর্তাবলি পূরণ সাপেক্ষে, নিবন্ধন নবায়ন করিতে হইবে।

২৩। **নিবন্ধনের জন্য পুনঃআবেদন**।—কোন বেসরকারি বিদ্যালয়ের নিবন্ধনের আবেদন প্রত্যাখ্যাত হইলে অথবা অধ্যাদেশের ধারা ৬ এর অধীন নিবন্ধন সার্টিফিকেট স্থগিত বা বাতিল করা হইলে, উক্ত বিদ্যালয়ের নিবন্ধনের জন্য পুনরায় আবেদন করা যাইবে, তবে সেক্ষেত্রে উহা একটি নূতন আবেদন হিসাবে বিবেচিত হইবে।

২৪। **অসুবিধা দূরীকরণ**।—নিবন্ধন কর্তৃপক্ষের ক্ষমতা ও দায়িত্ব এবং এই বিধিমালার অধীন বেসরকারি বিদ্যালয় নিবন্ধনের প্রশ্নে এই বিধিমালার কোন বিধানের অস্পষ্টতার কারণে উহা কার্যকরকরণে কোন অসুবিধা দেখা দিলে সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, সাধারণ বা বিশেষ আদেশ জারির মাধ্যমে উক্ত বিধানের স্পষ্টীকরণ বা ব্যাখ্যা প্রদান করিতে, বা ক্ষেত্রমত, নিবন্ধন কর্তৃপক্ষ বা বেসরকারি বিদ্যালয়কে করণীয় সম্পর্কে দিক নির্দেশনা প্রদান করিতে পারিবে।

২৫। **রহিতকরণ ও হেফাজত**।—(১) বেসরকারি (ইংরেজি মাধ্যম) বিদ্যালয় নিবন্ধন বিধিমালা, ২০০৭ এতদ্দ্বারা রহিত করা হইল।

(২) উপ-বিধি (১) এর অধীন রহিতকরণ সত্ত্বেও, উহার অধীনে প্রদত্ত কোন নির্দেশনা, আদেশ, বিজ্ঞপ্তি বা প্রজ্ঞাপন, প্রদত্ত কোন নোটিশ, গৃহীত কোন শৃঙ্খলামূলক ব্যবস্থা, অনুমোদন, সুপারিশ বা কার্যক্রম উক্তরূপ রহিতকরণের অব্যবহিত পূর্বে বলবৎ থাকিলে এবং এই বিধিমালার কোন বিধানের সহিত অসামঞ্জস্যপূর্ণ না হওয়া সাপেক্ষে, প্রয়োজনীয় অভিযোজনসহ, এই বিধিমালার অনুরূপ বিধানের অধীন কৃত, প্রণীত, জারীকৃত, দায়েরকৃত, পেশকৃত, মঞ্জুরীকৃত বা গৃহীত হইয়াছে বলিয়া গণ্য হইবে এবং কোন কার্যাদি নিষ্পন্নাধীন থাকিলে উহা এমনভাবে নিষ্পন্ন করা হইবে যেন উহা রহিত হয় নাই।

ফরম-ক

[বিধি ৩ (১) দ্রষ্টব্য]

বিদেশি কারিকুলামে পরিচালিত বেসরকারি বিদ্যালয়ের সাময়িক নিবন্ধনের আবেদন ফরম

১। বেসরকারি বিদ্যালয়ের নাম :

২। বিদ্যালয়ের অবস্থান ও ঠিকানা :

৩। বিদ্যালয়ের ধরন (সঠিকটিতে টিক চিহ্ন দিন) :

- ☐ প্লে-গ্রুপ, নার্সারি, কিন্ডারগার্টেন বা প্রাথমিক বিদ্যালয়
- ☐ নিম্নমাধ্যমিক, মাধ্যমিক বা সমমানের বিদ্যালয়
- ☐ উচ্চ মাধ্যমিক বা সমমানের বিদ্যালয়

৪। বিদ্যালয়টি কোন ব্যক্তি বা ব্যক্তিবর্গ কর্তৃক পরিচালিত কিনা :

৫। বিদ্যালয়টি পরিচালনার ক্ষেত্রে কোন গঠনতন্ত্র রয়েছে কিনা (থাকিলে উহার কপি সংযুক্ত করিতে হইবে) :

৬। বিদ্যালয়ের উদ্যোক্তা বা প্রতিষ্ঠাতার নাম :

৭। বিদ্যালয়ের মোট শ্রেণি সংখ্যা ও প্রত্যেক শ্রেণিতে শাখার সংখ্যা (যদি থাকে) :

৮। বিদ্যালয়ে শ্রেণিভিত্তিক আসন ও ছাত্র-ছাত্রী সংখ্যা :

৯। শিক্ষক সংখ্যা :

১০। কর্মকালীন সময় :

১১। প্রতিমাসে বা বৎসরে শ্রেণিভেদে আদায়কৃত টিউশন ফি, ভর্তি ফি, খেলাধুলা ফি, গ্রন্থাগার ফি, টিফিন ফি, মুদ্রণ ফি এবং অন্যান্য ফি এর পরিমাণ ও বিবরণ :

১২। ভূমি এবং ভবনসহ বর্তমান যাবতীয় সম্পদ এবং দায়ের বিবরণ :

১৩। বিদ্যালয় ভবনের প্রত্যেক কক্ষের আয়তন এবং ব্যবহারের উদ্দেশ্যসহ ভূমি ও ভবনের নকশা :

১৪। টয়লেটের সংখ্যা ও বিবরণ (ছাত্র ও ছাত্রীদের জন্য পৃথক পৃথক কিনা) :

১৫। বিশুদ্ধ পানীয় জলের ব্যবস্থা আছে কিনা :

১৬। ভবন নিজস্ব না ভাড়ায় (যদি ভাড়ায় হয় তাহলে ভাড়াটিয়া চুক্তিপত্রের কপি সংযুক্ত করিতে হইবে) :

১৭। ক্লাস সময়ের পর ভবন অন্য কোন উদ্দেশ্যে ব্যবহার হয় কিনা :

১৮। শ্রেণিভেদে পাঠ্যপুস্তক হিসাবে নির্ধারিত সকল পুস্তকের সংখ্যা ও বিবরণ :

১৯। সংরক্ষিত ও সাধারণ তহবিলে জমাকৃত অর্থের বিস্তারিত বিবরণ (শাখা ও ব্যাংক হিসাব নম্বরসহ) :

২০। প্রদত্ত সাময়িক নিবন্ধন ফি জমার বিবরণ (সামায়িক নিবন্ধন ফি জমাদানের প্রমাণস্বরূপ জমার রশিদের কপি সংযুক্ত করিতে হইবে) :

২১। স্থানীয় সরকার কর্তৃপক্ষের (সিটি কর্পোরেশন বা পৌরসভা বা ইউনিয়ন পরিষদ, ইত্যাদি) অনাপত্তি পত্রের অনুলিপি :

২২। প্রতিষ্ঠানের নিজস্ব ওয়েবসাইটের ডোমেইন নাম (যদি থাকে) :

২৩। প্রতিবন্ধীদের জন্য কি কি ব্যবস্থা আছে :

২৪। কম্পিউটার ল্যাব আছে কিনা এবং কতটি কম্পিউটার ও আনুষঙ্গিক দ্রব্যাদি আছে উহার বিবরণ :

আমি এই মর্মে ঘোষণা করিতেছি যে, বিদ্যালয় সম্পর্কে দেওয়া উপরি-উক্ত সকল তথ্য আমার জ্ঞানমতে সত্য ও সঠিক।

তারিখ :

প্রতিষ্ঠাতা/পরিচালক/অধ্যক্ষ/প্রধান শিক্ষক
বা আইনগত প্রতিনিধির স্বাক্ষর

ফরম-খ

[বিধি ৪ (১) দ্রষ্টব্য]

বিদেশি কারিকুলামে পরিচালিত বেসরকারি বিদ্যালয় নিবন্ধনের নবায়নের আবেদন ফরম

১। বিদ্যালয়ের নাম :

২। বিদ্যালয়ের অবস্থান ও ঠিকানা :

৩। বিদ্যালয় প্রতিষ্ঠার তারিখ :

৪। বিদ্যালয়ের ধরন (সঠিকটিতে টিক চিহ্ন দিন) :

☐ প্লে-গ্রুপ, নার্সারি, কিন্ডারগার্টেন বা প্রাথমিক বিদ্যালয়

☐ নিম্ন-মাধ্যমিক, মাধ্যমিক বা সমমানের বিদ্যালয়

☐ উচ্চ মাধ্যমিক বা সমমানের বিদ্যালয়

৫। বিদ্যালয়টি ব্যক্তি বা ব্যক্তিবর্গ কর্তৃক পরিচালিত কিনা :

৬। বিদ্যালয়টি পরিচালনার ক্ষেত্রে কোন গঠনতন্ত্র রয়েছে কিনা (থাকিলে উহার কপি সংযুক্ত করিতে হইবে) :

৭। বিদ্যালয়ের উদ্যোক্তা বা প্রতিষ্ঠাতার নাম :

৮। বিদ্যালয়ের মোট শ্রেণি সংখ্যা ও প্রত্যেক শ্রেণিতে শাখার সংখ্যা (যদি থাকে) :

৯। প্রত্যেক শ্রেণিতে অধ্যয়নরত ছাত্র-ছাত্রীর সংখ্যা এবং যদি কোন শ্রেণিতে কোন শাখা থাকে তাহা হইলে শাখাওয়ারী ছাত্র-ছাত্রীর সংখ্যা উল্লেখ করিতে হইবে :

১০। শিক্ষক সংখ্যা :

১১। ক্লাস রুটিন (শ্রেণি শিক্ষকের নামসহ) :

১২। কর্মকালীন সময় :

১৩। বেতন-ভাতাদি এবং যোগদানের তারিখসহ স্কুলের সকল শিক্ষক ও কর্মচারীগণের নাম এবং যোগ্যতা (স্থায়ী না অস্থায়ী উল্লেখ করুন) :

১৪। প্রতিমাসে বা বৎসরে শ্রেণিভেদে আদায়কৃত টিউশন ফি, ভর্তি ফি, খেলাধুলা ফি, গ্রন্থাগার ফি, টিফিন ফি (যদি থাকে), মুদ্রণ ফি এবং অন্যান্য ফি এর পরিমাণ ও বিবরণ :

১৫। বিভিন্ন খাতে অর্জিত শেষ দুই বৎসরের আয় (প্রযোজ্য ক্ষেত্রে) :

১৬। ভূমি এবং ভবনসহ বর্তমান যাবতীয় সম্পদ এবং দায়ের বিবরণ :

১৭। বিদ্যালয় ভবনের প্রত্যেক কক্ষের আয়তন এবং ব্যবহারের উদ্দেশ্যসহ ভূমি ও ভবনের নকশা :

১৮। সহপাঠক্রম কার্যক্রমের বিবরণ :

১৯। গ্রন্থাগারে রক্ষিত পুস্তকের সংখ্যা :

২০। টয়লেটের সংখ্যা ও বিবরণ (ছাত্র ও ছাত্রীদের জন্য পৃথক পৃথক কিনা) :

২১। বিশুদ্ধ পানীয় জলের ব্যবস্থা আছে কিনা :

২২। ভবন নিজস্ব না ভাড়ায় (যদি ভাড়ায় হয় তাহলে ভাড়া চুক্তিপত্রের কপি সংযুক্ত করিতে হইবে) :

২৩। ক্লাস সময়ের পর ভবন অন্য কোন উদ্দেশ্যে ব্যবহার হয় কিনা :

২৪। শ্রেণিভেদে পাঠ্যপুস্তক হিসাবে নির্ধারিত সকল পুস্তকের বিবরণ :

২৫। সংরক্ষিত ও সাধারণ তহবিলে জমাকৃত অর্থের বিস্তারিত বিবরণ (শাখা ও ব্যাংক হিসাব নম্বরসহ) :

২৬। প্রদত্ত নিবন্ধন ফি জমার বিবরণ (নিবন্ধন ফি জমাদানের প্রমাণস্বরূপ জমার রসিদের কপি সংযুক্ত করিতে হইবে) :

২৭। প্রতিবন্ধীদের জন্য কি ব্যবস্থা আছে :

২৮। প্রতিষ্ঠানের নিজস্ব ওয়েবসাইট আছে কিনা- থাকিলে ডোমেইন নাম :

২৯। স্থানীয় সরকার কর্তৃপক্ষের (সিটি কর্পোরেশন বা পৌরসভা বা ইউনিয়ন পরিষদ, ইত্যাদি) অনাপত্তি পত্রের অনুলিপি :

৩০। সাময়িক নিবন্ধনের শর্তাবলি প্রতিপালিত হইয়াছে কিনা (উহার বিবরণ) :

৩১। কম্পিউটার ল্যাব আছে কিনা এবং কতটি কম্পিউটার ও আনুষঙ্গিক দ্রব্যাদি আছে উহার বিবরণ :

৩২। প্রতিষ্ঠান পরিদর্শনের প্রতিবেদন :

আমি এই মর্মে ঘোষণা করিতেছি যে, বিদ্যালয় সম্পর্কে দেওয়া উল্লিখিত সকল তথ্য আমার জ্ঞানমতে সত্য ও সঠিক।

তারিখ :

প্রতিষ্ঠাতা/পরিচালক/অধ্যক্ষ/প্রধান শিক্ষক
বা আইনগত প্রতিনিধির স্বাক্ষর

ফরম-গ

[বিধি ৩ (৩) দ্রষ্টব্য]

বিদেশি কারিকুলামে পরিচালিত বেসরকারি বিদ্যালয়ের সাময়িক নিবন্ধন সনদ

নং............................ তারিখ : ....

প্রত্যয়ন করা যাইতেছে যে, (বেসরকারি বিদ্যালয়ের নাম:.. ঠিকানা:..) বিদেশি কারিকুলাম এ পরিচালিত বেসরকারি বিদ্যালয় নিবন্ধন বিধিমালা, ২০১৭ এর অধীনে সাময়িক নিবন্ধনের উপযুক্ত বিবেচিত হওয়ায় উক্ত বিধিমালার বিধি ৩ এর উপ-বিধি (৩) বিধান মোতাবেক উক্ত বিদ্যালয়টিকে এতদ্‌দ্বারা সাময়িক নিবন্ধন প্রদান করা হইল।

বিধিমালায় উল্লিখিত শর্তসমূহ ছাড়াও উক্ত বিদ্যালয়কে নিম্নবর্ণিত শর্তসমূহ পালন করিতে হইবে, যথা :—

শর্তসমূহ :

০১।

০২।

০৩।

নিবন্ধন কর্তৃপক্ষের সীল মোহর

নিবন্ধন কর্তৃপক্ষের স্বাক্ষর
নাম :
পদবি :

ফরম-ঘ

[বিধি ৪ (২) দ্রষ্টব্য]

বিদেশি কারিকুলামে পরিচালিত বেসরকারি বিদ্যালয়ের নিবন্ধন সনদ

নং............................ তারিখ : ....

প্রত্যয়ন করা যাইতেছে যে, (বেসরকারি বিদ্যালয়ের নামঃ..
ঠিকানাঃ...) অধ্যাদেশের অধীন নিবন্ধনের উপযুক্ত বিবেচিত হওয়ায় উক্ত অধ্যাদেশের ধারা ৪ এর উপ-ধারা (৩) এর বিধান মোতাবেক উক্ত বিদ্যালয়টি এতদ্‌দ্বারা নিবন্ধন করা হইল। উক্ত বিদ্যালয়ের নিবন্ধন প্রতি ৩ (তিন) বৎসর মেয়াদে নবায়নযোগ্য হইবে।

বিধিমালায় উল্লিখিত শর্তসমূহ ছাড়াও উক্ত বিদ্যালয়কে নিম্নবর্ণিত শর্তসমূহ পালন করিতে হইবে, যথা :—

শর্তসমূহ :

০১।

০২।

০৩।

নিবন্ধন কর্তৃপক্ষের সীল মোহর

নিবন্ধন কর্তৃপক্ষের স্বাক্ষর
নাম :
পদবি :

তফসিল-১

[বিধি ৩ (২) ও ৫ (১) দ্রষ্টব্য]

বিদেশি কারিকুলামে পরিচালিত বেসরকারি বিদ্যালয়ের সাময়িক নিবন্ধন ফি

ক্রমিক নং	বিষয়	ফি (টাকায়)
১।	প্লে-গ্রুপ, নার্সারি, কিন্ডারগার্টেন বা প্রাথমিক বিদ্যালয়	৮,০০০
২।	নিম্ন-মাধ্যমিক বা মাধ্যমিক, বা সমমানের বিদ্যালয়	১০,০০০
৩।	উচ্চ মাধ্যমিক বা সমমানের বিদ্যালয়	১২,০০০

তফসিল-২

[বিধি ৪ (১) ও ৫ (১) দ্রষ্টব্য]

(ক) বিদেশি কারিকুলামে পরিচালিত বেসরকারি বিদ্যালয়ের নিবন্ধন ফি

ক্রমিক নং	বিষয়	ফি (টাকায়)
১।	প্লে-গ্রুপ, নার্সারি, কিন্ডারগার্টেন বা প্রাথমিক বিদ্যালয়	১৫,০০০
২।	নিম্ন-মাধ্যমিক বা মাধ্যমিক বা সমমানের বিদ্যালয়	২০,০০০
৩।	উচ্চ মাধ্যমিক বা সমমানের বিদ্যালয়	২৫,০০০

(খ) বিদেশি কারিকুলামে পরিচালিত বেসরকারি বিদ্যালয়ের নিবন্ধন নবায়ন ফি

ক্রমিক নং	বিষয়	ফি (টাকায়)
১।	প্লে-গ্রুপ, নার্সারি, কিন্ডারগার্টেন বা প্রাথমিক বিদ্যালয়	৭,৫০০
২।	নিম্ন-মাধ্যমিক বা মাধ্যমিক বা সমমানের বিদ্যালয়	১০,০০০
৩।	উচ্চ মাধ্যমিক বা সমমানের বিদ্যালয়	১২,৫০০

তফসিল-৩

[বিধি ১৪ (১) দ্রষ্টব্য]

অংশ-১

বিদেশি কারিকুলামে পরিচালিত বেসরকারি বিদ্যালয়ের ভূমির অন্যূন পরিমাণ

ক্রমিক নং	বিদ্যালয়ের প্রকৃতি ও এলাকা	ভূমির পরিমাণ (একর হিসাবে)
১।	প্লে-গ্রুপ, নার্সারি, কিন্ডারগার্টেন বা প্রাথমিক বিদ্যালয় [মেট্রোপলিটন এলাকার জন্য]	০.১৫ (শূন্য দশমিক এক পাঁচ)
২।	প্লে-গ্রুপ, নার্সারি, কিন্ডারগার্টেন বা প্রাথমিক বিদ্যালয় [মেট্রোপলিটন এলাকা ব্যতীত অন্যান্য এলাকার জন্য]	০.৩৩ (শূন্য দশমিক তিন তিন)
৩।	নিম্ন-মাধ্যমিক বা মাধ্যমিক বা সমমানের বিদ্যালয় [মেট্রোপলিটন এলাকার জন্য]	০.১৫ (শূন্য দশমিক এক পাঁচ)
৪।	নিম্ন-মাধ্যমিক বা মাধ্যমিক বা সমমানের বিদ্যালয় [পৌর এলাকার জন্য]	০.৩০ (শূন্য দশমিক তিন শূন্য)
৫।	নিম্ন-মাধ্যমিক বা মাধ্যমিক বা সমমানের বিদ্যালয় [পল্লী এলাকার জন্য]	০.৫০ (শূন্য দশমিক পাঁচ শূন্য)
৬।	উচ্চ মাধ্যমিক বা সমমানের বিদ্যালয় [মেট্রোপলিটন এলাকার জন্য]	০.২৫ (শূন্য দশমিক দুই পাঁচ)
৭।	উচ্চমাধ্যমিক বা সমমানের বিদ্যালয় [পৌর এলাকার জন্য]	০.৫০ (শূন্য দশমিক পাঁচ শূন্য)
৮।	উচ্চমাধ্যমিক বা সমমানের বিদ্যালয় [পল্লী এলাকার জন্য]	০.৭৫ (শূন্য দশমিক সাত পাঁচ)

অংশ-২

বিদেশি কারিকুলামে পরিচালিত বেসরকারি বিদ্যালয় ভবনের অন্যূন পরিমাপ

ক্রমিক নং	বিদ্যালয়ের প্রকৃতি	ভবনের অন্যূন পরিমাপ (বর্গফুট হিসাবে)
১।	প্লে-গ্রুপ নার্সারি, কিন্ডারগার্টেন বা প্রাথমিক বিদ্যালয়	৪,০০০ (চার হাজার)
২।	নিম্ন-মাধ্যমিক বা মাধ্যমিক বা সমমানের বিদ্যালয়	৫,০০০ (পাঁচ হাজার)
৩।	উচ্চ মাধ্যমিক বা সমমানের বিদ্যালয়	৬,০০০ (ছয় হাজার)

অংশ-৩

বিদেশি কারিকুলামে পরিচালিত বেসরকারি বিদ্যালয় ভবনের অন্যূন পরিমাপ

ক্রমিক নং	বিদ্যালয়ের প্রকৃতি	ভবনের অন্যূন পরিমাপ (বর্গফুট হিসাবে)
১।	প্লে-গ্রুপ, নার্সারি, কিন্ডারগার্টেন, প্রাথমিক + নিম্ন-মাধ্যমিক, মাধ্যমিক+উচ্চ মাধ্যমিক বা সমমানের বিদ্যালয়	১৫,০০০ (পনের হাজার)
২।	প্লে-গ্রুপ, নার্সারি, কিন্ডারগার্টেন, প্রাথমিক + নিম্ন-মাধ্যমিক ও মাধ্যমিক বা সমমানের বিদ্যালয়	৯,০০০ (নয় হাজার)
৩।	নিম্ন-মাধ্যমিক ও মাধ্যমিক + উচ্চ মাধ্যমিক বা সমমানের বিদ্যালয়	১১,০০০ (এগার হাজার)

তফসিল-৪

[বিধি ১৬ দ্রষ্টব্য]

বিদেশি কারিকুলামে পরিচালিত বেসরকারি বিদ্যালয়ের গ্রন্থাগার ন্যূনতম পুস্তক সংখ্যা

ক্রমিক নং	বিদ্যালয়ের প্রকৃতি	পুস্তকের ন্যূনতম সংখ্যা
১।	প্লে-গ্রুপ, নার্সারি, কিন্ডারগার্টেন বা প্রাথমিক বিদ্যালয়	১০০০
২।	নিম্ন-মাধ্যমিক বা মাধ্যমিক বা সমমানের বিদ্যালয়	৩০০০
৩।	উচ্চ মাধ্যমিক বা সমমানের বিদ্যালয়	৪০০০

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ সোহরাব হোসাইন
সচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd